# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**07 AUGUST 2025** **7:35—7:40 AM IST**

---

কঙ্কন নারায়ণ শিকিদার কাছাড় জেলা পরিষদের সভাপতি এবং দেবজ্যোতি বাউরী সহ-সভাপতি পদে নির্বাচিত হয়েছেন । গতকাল শিলচর রাজীব ভবনে কাছাড় জেলা প্রশাসন ও কাছাড় জেলা পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত নব-নির্বাচিত জেলা পরিষদের সদস্যদের প্রথম আনুষ্ঠানিক বৈঠকে সভাপতি ও সহ-সভাপতির নাম চূড়ান্ত হয়েছে । সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে ভারতীয় জনতা পার্টি কাছাড় জেলা পরিষদ গঠন করে । ডলু-বড়খলা জেলা পরিষদ আসনে নির্বাচিত সদস্য বিজেপি'র কঙ্কন নারায়ণ শিকিদার সভাপতি এবং পালইরবন্দ-দেওয়ান জেলা পরিষদ আসনে নির্বাচিত সদস্য বিজেপি'র দেবজ্যোতি বাউরী সহ-সভাপতি পদে গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচিত হয়েছেন । ২৫জন নির্বাচিত জেলা পরিষদ সদস্য এই নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণ করেন । এতে বিজেপির শ্রী শিকিদার পেয়েছেন ১৭টি ভোট এবং কংগ্রেসের ত্রয়োবাসী দাস পেয়েছেন আটটি ভোট । এদিকে উপ-সভাপতি পদে বিজেপির শ্রী বাউরী পেয়েছেন- ১৭টি ভোট এবং কংগ্রেসের নূর ইসলাম বড়ভুইয়া পেয়েছেন আটটি ভোট । এই অনুষ্ঠানে কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের বিধায়কগণ সহ রাজ্যের খাদ্য, গণবন্টন এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

মন্ত্রী শ্রী রাই আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে জানান----

#বাইট#

---

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেও গতকাল থেকে নিযুত মইনা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের আবেদন পত্র বিতরণ প্রক্রিয়া শুরু হয়েছে ।

এ উপলক্ষে গতকাল আসাম বিশ্ববিদ্যালয়ে আয়োজিত নিযুত মইনা কার্যসূচির আবেদন পত্র বিতরণ অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক রাজীব মোহণ পন্থ এবং কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব উপস্থিত ছিলেন । রাজ্যের মন্ত্রী কৌশিক রাই পয়লাপুল নেহেরু কলেজে আয়োজিত অনুষ্ঠানে ছাত্রীদের মধ্যে নিযুত মইনা প্রকল্পের আবেদন পত্র বিতরণ করেন । শিলচরের রাধামাধব কলেজে সাংসদ প্রতিনিধি আইনজীবি অমরেন্দ্র পাল , কাছাড় জেলা বিদ্যালয় সমূহের উপ-পরিদর্শক ইকবাল হোসেন বড়ভূইয়া এবং কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধুতী দত্তচৌধুরী কলেজের স্নাতক স্তরের ছাত্রীদের হাতে নিযুত মইনা প্রকল্পের আবেদনপত্র তুলে দেন । উল্লেখ্য কাছাড় জেলার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের
মোট ৬৬টি শিক্ষা প্রতিষ্ঠানে নিযুত মইনার দ্বিতীয় পর্যায়ের আবেদন পত্র বিতরণ করা হয় ।

------------------------------------------------------------------------------------

শ্রীভুমি জেলায়ও গতকাল বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের মধ্যে মুখ্যমন্ত্রীর নিযুত মইনার দ্বিতীয় পর্যায়ের আবেদন পত্র বিতরণ করা হয় । এ উপলক্ষে রাজ্যের পূর্ত , মৎস এবং পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল পাথারকান্দি বিধান সভার সোনাক্ষিরার স্বামী বিবেকানন্দ কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে ছাত্রীদের মধ্যে নিযুত মইনা প্রকল্পের আবেদন পত্র বিতরণ করেন ।

------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও গতকাল থেকে মুখ্যমন্ত্রী নিযুত মইনা প্রকল্পের আবেদন পত্র বিতরন শুরু হয়েছে । এ উপলক্ষে হাইলাকান্দি এস এস কলেজে আয়োজিত জেলা পর্যায়ের কেন্দ্রীয় অনুষ্ঠানে জেলা আয়ুক্ত অভিষেক জৈন , বিধায়ক জাকির হোসেন , পুরপতি মানব চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন । জেলার অন্যান্য প্রতিষ্ঠানে আজ থেকে প্র-পত্র বিতরন শুরু হবে ।

------------------------------------------------------------------------------------

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস গতকাল পালংঘাট মডেল হাসপাতালে অত্যাধুনিক এক্স-রে পরিষেবার উদ্বোধন করেছেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রী দাস বলেন যে পালংঘাট হাসপাতালে এক্স-রে পরিষেবা শুরু

হওয়ায় , এখন থেকে আর শহরে যেতে হবে না । এখন থেকে পালংঘাট হাসপাতালেই মান সম্পন্ন চিকিৎসা পরিষেবা পাওয়া যাবে এবং সঠিক রোগ নির্ণয় ও দ্রুত চিকিৎসা পরিষেবা পাওয়া যাবে । উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর শিবানন্দ রায় , ধলাই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের আধিকারীক ডক্টর মৃদুল দেউরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আগামী অক্টোবর মাস থেকে পাইলট প্রকল্পের মাধ্যমে নায্য মূল্যের দোকানের মাধ্যমে মুসুর ডাল , চিনি ও লবন বিতরনের পরিকল্পনা গ্রহন করা হয়েছে । গতকাল জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় অবিলম্বে ই-কে ওয়াই সি -এর সমস্যাগুলি সমাধানের বিষয় নিয়ে আলোচনা করা হয় । এছাড়া সভায় গ্রাহকদের আধার ও রেশন কার্ডের তথ্য সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য আজ নায্য মূল্যের দোকান মালিকদের নিয়ে একটি প্রশিক্ষণ কর্মশালা করার সিদ্ধান্ত হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন বিভাগের উদ্যোগে এবং রুট টু কানেক্ট , বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠনের সহযোগিতায় গতকাল শ্রীভূমি শহরের বিপিন চন্দ্র পাল স্মৃতি ভবনে ন্যাশনেল অ্যাকশন প্ল্যান ফর ড্রাগ  ডিমান্ড রিডাকশন এর অধীনে জেলার সীমান্তবর্তী অঞ্চলে মাদক দ্রব্যের অপব্যবহার প্রতিরোধ সংক্রান্ত একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় পুলিশ কর্মী , পঞ্চায়েত সদস্য , কমিউনিটি সদস্য এবং অঙ্গনওয়াড়ি কর্মীরা অংশগ্রহন করেন ।

-------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থার হাইলাকান্দি জেলা সমিতি গতকাল গঠন করা হয়েছে । জেলা সমিতিতে শতানন্দ ভট্টাচার্য্যকে সভাপতি ও নিলোৎপল দেবকে সম্পাদক মনোনীত করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------